বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

www.presscouncil.gov.bd


নং-১৫.৬৩.০০০০.০০২.১৭.০০১.২২-৮৮৯

তারিখ: ০৮ ভাদ্র ১৪২৯ / ২৩ আগস্ট ২০২২

**প্রেস বিজ্ঞপ্তি**

**The Press Council Act, 1974 সংশোধনপূর্বক যুগোপযোগী করে প্রণীত The Press Council (Amendment) Act, 2022 এর খসড়া প্রদানের বিষয়ে সম্পাদক পরিষদ ও টিআইবির বিবৃতির প্রেক্ষিতে বাংলাদেশ প্রেস কাউন্সিলের বক্তব্য।**

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে দেশের সংবাদপত্র ও সংবাদ সংস্থাসমূহের স্বাধীনতা রক্ষা, মানোন্নয়ন ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের সক্ষমতা বৃদ্ধির জন্য The Press Council Act, 1974 প্রণয়ন করেন।

প্রতিষ্ঠাকাল থেকে বাংলাদেশের সংবাদপত্রের স্বাধীনতা রক্ষা, মান নিয়ন্ত্রণ, অপ সাংবাদিকতা প্রতিরোধ এবং সাংবাদিকবৃন্দের সামগ্রিক কল্যাণ নিশ্চিত করার পাশাপাশি ভুক্তভোগী সাধারণ জনগণকেও কতিপয় অসাধু গণমাধ্যমের হয়রানি থেকে প্রতিকার পাইয়ে দিতে বাংলাদেশ প্রেস কাউন্সিল কাজ করছে। শুরু থেকে এ পর্যন্ত আটচল্লিশ বছরেরও বেশী সময় অতিক্রান্ত হয়েছে এবং পরিবর্তিত পরিস্থিতিতে সংবাদ মাধ্যমেও নানা ধরনের পরিবর্তন সাধিত হয়েছে। বর্তমানে অবাধ তথ্য প্রবাহের যুগে প্রিন্ট মিডিয়ার পাশাপাশি ইলেকট্রনিক মিডিয়াতেও সাংবাদিকতার বিস্তৃতি লাভ করেছে এবং অনলাইনেও অসংখ্য সংবাদক্ষেত্র বিস্তৃতি লাভ করেছে। বাংলাদেশ প্রেস কাউন্সিলকে অধিকতর কার্যকর ও গণমাধ্যমবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করার উদ্দেশ্যে সময় ও বাস্তবতার চাহিদা অনুযায়ী ১৯৭৪ সনে প্রবর্তিত প্রেস কাউন্সিল অ্যাক্ট যুগোপযোগী করা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে।

বাংলাদেশ প্রেস কাউন্সিলকে আরও শক্তিশালী ও কার্যকর করার লক্ষ্যে **২০০৫ সাল হতে The Press Council Act, 1974 সংশোধনের প্রস্তাব প্রেস কাউন্সিলের সাধারণ অধিবেশনে উত্থাপিত হয়। পরবর্তীতে** The Press Council Act, 1974 সংশোধনের প্রস্তাব ধারাবাহিকভাবে বিভিন্ন সময়ে কাউন্সিলের সাধারণ সভায় পর্যালোচনা করা হয় এবং আর্থিক জরিমানার বিধান অন্তর্ভুক্ত করে প্রেস কাউন্সিলের বিচারিক ক্ষমতা বাড়ানোর প্রস্তাব করা হয়। সংশোধনী প্রস্তাব নিয়ে তৎকালীন তথ্যমন্ত্রী ও আইনমন্ত্রীর সাথে প্রেস কাউন্সিলের চেয়ারম্যানের নেতৃত্বে সদস্যবৃন্দ দেখা করে আলোচনা করেন। পরবর্তীতে ২০১১ সাল হতে পুনরায় তথ্য মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১০ম সভায় The Press Council Act, 1974 সংশোধনের সিদ্ধান্ত হয়। সেখানেও প্রেস কাউন্সিলের বিচারিক ক্ষমতা বাড়ানোর প্রস্তাব করা হয়। সে মোতাবেক ২০১২ সাল হতে

ধারাবাহিকভাবে প্রেস কাউন্সিলের সাধারণ সভায় The Press Council Act, 1974 সংশোধনের লক্ষ্যে আর্থিক জরিমানার বিধান অন্তর্ভুক্ত করে প্রেস কাউন্সিলের বিচারিক ক্ষমতা বৃদ্ধিসহ কিছু ধারা-উপধারা সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত হয়। সর্বশেষ ২০১৬ সালে প্রেস কাউন্সিল কর্তৃক প্রণীত আইনের খসড়ার বিষয়ে মতামত প্রদানের জন্য আইন কমিশনে প্রেরণ করা হয়। আইন কমিশনের প্রেরিত মতামত পর্যালোচনা করে কাউন্সিলের সাধারণ সভায় The Press Council (Amendment) Act, 2016 এর খসড়া চূড়ান্ত করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উল্লেখ্য, ২০০৫ সাল হতে প্রেস কাউন্সিলে অনুষ্ঠিত সকল সাধারণ সভায় প্রেস কাউন্সিলের সদস্য হিসেবে সাংবাদিক ইউনিয়ন, সম্পাদক পরিষদ ও মালিকদের সংগঠনসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। উপস্থিত সম্মানিত সদস্যদের সাথে একমত হয়েই The Press Council (Amendment) Act, 2016 এর খসড়া পর্যায়ক্রমে প্রস্তুত করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তথ্য মন্ত্রণালয়ে তথ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে একাধিক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। এসব সভায় বিদ্যমান/প্রস্তাবিত অন্যান্য আইন, বিধি, প্রবিধান ও নীতি পরীক্ষা নিরীক্ষা, ভাষাগত পরীক্ষা নিরীক্ষা, বিদ্যমান অন্য কোনো আইনের সঙ্গে সাংঘর্ষিক কি না এসব বিষয়সহ প্রস্তাবিত আইনের খুটিনাটি বিস্তারিত পর্যালোচনা করা হয়। যা তথ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ১৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে সর্বসাধারণের মতামতের জন্য প্রকাশ করা হয়। পরবর্তীতে মতামত প্রদানের সময় ২৩/১০/২০১৯খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং অদ্যাবধি উক্ত আইনের খসড়া তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা আছে। এছাড়া উক্ত আইনের খসড়ার বিষয়ে মতামত চেয়ে পরবর্তীতে ০৯/০১/২০২০খ্রি. তারিখে অংশীজনদের অংশগ্রহণে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্য সচিবের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অংশীজনদের মতামত পর্যালোচনা করে The Press Council (Amendment) Act, 2020 এর খসড়া চূড়ান্ত করা হয়। এ সভায় অংশীজন হিসেবে সংবাদপত্র সংশ্লিষ্ট বিভিন্ন সংগঠনের প্রতিনিধি উপস্থিত ছিলেন। এছাড়া দেশের বরেণ্য সাংবাদিকদের সাথে এ সংশোধনী আইন নিয়ে বিভিন্ন সময়ে আলোচনা হয়। অত:পর চূড়ান্ত খসড়া মন্ত্রিপরিষদ বৈঠকে অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। সর্বশেষ গত ২০ জুন ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বৈঠকে The Press Council (Amendment) Act, 2022 নীতিগত অনুমোদন দেয়া হয়। বর্তমানে সংশোধিত আইনটি সরকারের কাছে প্রক্রিয়াধীন আছে।

২৮/৮/২০২২

মোঃ শাহ্ আলম
সচিব (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২৬৬৩৮০১৪
ইমেইল: secretary@presscouncil.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)।
২। সম্পাদক/প্রধান সম্পাদক/বার্তা সম্পাদক, -----------------------------------------



CamScanner